

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-২ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০১.২০১৬-৩৭)

তারিখঃ ১৬.০৮.২০১৬ খ্রিঃ

প্রজ্ঞাপন


যেহেতু, ডাঃ মজিবুর রহমান, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), সদর, মাদারীপুর, গত ০৯/০৬/২০০৯ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, তাঁকে কারণ দর্শানো হলেও তিনি কারণ দর্শানোর জবাব প্রদান করেননি। ইতোমধ্যে তাঁর সরকারি চাকুরিতে অনুপস্থিতির সময়কাল ধারাবাহিকভাবে ০৫ (পাঁচ) বছরের অধিক অতিক্রান্ত হয়েছে;

যেহেতু, কোন সরকারি কর্মচারী এক নাগাড়ে ০৫ (পাঁচ) বছর কর্মস্থলে অনুপস্থিত থাকলে বিএসআর পার্ট-১ এর ৩৪ ধারা অনুযায়ী তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটে।

এক্ষনে সেহেতু, বিএসআর (পার্ট-১) এর ৩৪ বিধি মোতাবেক ডাঃ মজিবুর রহমান, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), সদর, মাদারীপুর এর সরকারি চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে। এই অবসান তাঁর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫ (পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০৯/০৬/২০১৪ ইং তারিখ হতে কার্যকর হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারী করা হলো।

  
(সৈয়দ মনজুরুল ইসলাম)  
সচিব


উপ-পরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস,  
তেজগাও, ঢাকা।

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০১.২০১৬- ৩৭/১ (৭)

তারিখঃ ১৬.০৮.২০১৬ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা (প্রজ্ঞাপনটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ পূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সি,জি,এ, ভবন, সেগুন-বাগিচা, ঢাকা।
- ৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মাদারীপুর।
- ৪। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, সদর, মাদারীপুর।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। ডাঃ মজিবুর রহমান, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), সদর, মাদারীপুর (স্থায়ী ঠিকানা-শাহজালাল (রাঃ) হাসপাতাল, খানপুর, নারায়ণগঞ্জ)।

  
(মোঃ আব্দুল হক)  
সহকারী সচিব